

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ১৪৫৫

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৬. মৃত ব্যক্তির চোখ বন্ধ করে দেয়া।

بَاب مَا جَاءَ فِي تَغْمِيزِ الْمَيِّتِ

আরবী

حَدَّثَنَا أَبُو دَاوُدَ سُلَيْمَانُ بْنُ تَوْبَةَ حَدَّثَنَا عَاصِمُ بْنُ عَلِيٍّ حَدَّثَنَا قَزْعَةُ بْنُ سُوَيْدٍ عَنْ حُمَيْدٍ الْأَعْرَجِ عَنْ الزُّهْرِيِّ عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا حَضَرْتُمْ مَوْتَاكُمْ فَأَغْمِضُوا الْبَصَرَ فَإِنَّ الْبَصَرَ يَتَّبِعُ الرُّوحَ وَقُولُوا خَيْرًا فَإِنَّ الْمَلَائِكَةَ تُؤْمِنُ عَلَى مَا قَالَ أَهْلُ الْبَيْتِ

বাংলা

২/১৪৫৫। শাদ্দাদ ইবনু আওস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের মৃত ব্যক্তির নিকট উপস্থিত হয়ে তার চোখ দু'টি বন্ধ করে দিও। কেননা চোখ রুহের অনুসরণ করে এবং তোমরা তার সম্পর্কে ভালো মন্তব্য করবে। কারণ গৃহবাসীরা যা বলে ফেরেশতারা তাতে 'আমীন' বলেন।

English

It was narrated from Shaddad bin Aws that the Messenger of Allah (ﷺ) said: "When you come to your dead ones, close their eyes, for the sight follows the soul. And say good things, for the Angels say Amin to what the members of the household say."

ফুটনোট

আহমাদ ১৬৬৮৬, সহীহাহ ১০৯২

তাহকীক আলবানীঃ মুসলিমে চোখ বন্ধ করে দেয়ার কথা ব্যতীত হাসান, উক্ত হাদিসের রাবী কাযাআহ বিন সুওয়ায়দ সম্পর্কে ইয়াহইয়া বিন মাস্টিন একস্থানে সিকাহ বললেও অন্যত্র বলেন সে যইফ। ইবনু আদী বলেন,

আমি আশা করি তার মধ্যে কোন সমস্যা নেই। ইমাম বুখারী বলেন, সে তেমন শক্তিশালী নয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21590>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন